

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ তারাকান্দা, ময়মনসিংহ।
সভার তারিখ : ১২/০৯/২০২১খ্রিঃ সময় : দুপুর ২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপজেলা কমিটির সদস্য-সচিব ও উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, তারাকান্দাকে তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপনের অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের কার্যক্রমে উপস্থাপন করেন।

আলোচনা : ১

উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি, তারাকান্দা সভায় উল্লেখ করেন যে, তারাকান্দা ও কামারিয়া ইউনিয়নের তারাকান্দা এবং কাশিগঞ্জ বাজার তারাকান্দা উপজেলার দুটি গুরুত্বপূর্ণ বৃহৎ বাজার, প্রতিদিন দূরদূরান্ত হতে অনেক ক্রেতা বিক্রেতার সমাগম হয়। বাজারগুলোতে পর্যাপ্ত মাল্টি পার্পাস শেড ও ড্রেনেজ ব্যবস্থা না থাকায় বর্ষা মৌসুমে ক্রেতা সাধারণ ও বিক্রেতাগণকে মারাত্মকভাবে ভোগান্তির শিকারে পতিত হন এবং তাদের ব্যবসা বানিজ্য পরিচালনা করতে অনেক অসুবিধা হয়। তাই কামারিয়া ইউনিয়নের কাশিগঞ্জ বাজারের পানি নিষ্কাশনের সুবিধার্থে ১১৫ মিটার আরসিসি ড্রেন নির্মাণ ও তারাকান্দা বাজারের জিসি মার্কেট এর মাংস মহলের শেড সংস্কার করা অত্যাবশ্যিক। উপজেলা পরিষদের এমনকি উপজেলা প্রকৌশল অধিদপ্তরের তহবিল স্বল্পতার জন্য এই মুহূর্তে ড্রেন নির্মাণ ও শেড সংস্কার করা সম্ভব হচ্ছে না বিধায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কাশিগঞ্জ বাজারের উন্নয়নের জন্য ১১৫ মিটার আরসিসি ড্রেন নির্মাণ ও তারাকান্দা বাজারের জিসি মার্কেট এর মাংস মহলের শেড সংস্কার করা হলে বাজারের ব্যসায়ী ও ক্রেতা বিক্রেতাগণ বিশেষভাবে উপকৃত হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

উপজেলার তারাকান্দা ও কামারিয়া ইউনিয়নের তারাকান্দা বাজারের জিসি মার্কেটে অবস্থিত জড়াজীর্ণ মাংস মহলের শেড সংস্কার ও কাশিগঞ্জ বাজারের ব্যবসায়ী, সাধারণ মানুষের পণ্যসামগ্রী ক্রয়-বিক্রয়ের স্বার্থে একটি আরসিসি ড্রেন নির্মাণের বিষয়টি বিশেষ বিবেচনায় নিয়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় নির্মাণ/সংস্কার এর জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নজরুল ইসলাম নয়ন)


ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

স্মারক নং-এলজিইডি/তারাকান্দা/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১২/০৯/২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রকৌশলী স্থানীয় সরকার ময়মনসিংহ।
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ
- ৫। চেয়ারম্যান..... ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ